



স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৮৬.১৮.০১৩.২০. ২৬৭


তারিখ: ২৬ অক্টোবর ১৪২৮
২৩/১০/২০২১

বিষয়ঃ বাংলাদেশের প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন প্রকল্পের অনলাইন জরিপ পরিচালনায় অনুসরণীয় নির্দেশনা সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সমাজসেবা অধিদফতরধীন বাংলাদেশের প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন প্রকল্পের আওতায় “প্রান্তিক জনগোষ্ঠীর” ১০ টি পেশার যথা: ১. কামার; ২. কুমার; ৩. নাপিত; ৪. বাঁশ ও বেতপণ্য প্রস্তুতকারক; ৫. কাঁসা/পিতলপণ্য প্রস্তুতকারক; ৬. জুতা মেরামত/প্রস্তুতকারী; ৭. লোকজযন্ত্র(একতারা, দোতারা, বাঁশি, মন্দিরা)/ লোকজ শিল্পী (বাউল, গম্ভীরা, কীর্তন, ঢপ, ভাষান/জারি); ৮. নকশী কাথা শিল্প; ৯. শীতল পাটি; ১০. শতরঞ্জি অনলাইন জরিপ চলমান আছে।

২। অনলাইন জরিপ দ্রুততম সময়ে নির্ভুলভাবে সম্পন্নের লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনাসমূহ অনুসরণ করতে হবে:

- I. prantikdss.gov.bd ওয়েবসাইটে প্রবেশ করে সংশ্লিষ্ট ই-নথি আইডি, পাসওয়ার্ড ব্যবহার করে লগইন করতে হবে;
- II. কোন অফিস ই-নথিতে লাইভে না থাকলে আগামী ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে প্রকল্প পরিচালক বরাবর পত্রযোগে জানাতে হবে;
- III. বর্ণিত ১০ টি পেশার যে কোন পেশায় বর্তমানে নিয়োজিত/কর্মরত থাকতে হবে;
- IV. জরিপের আওতায় প্রান্তিক পেশাজীবী ব্যক্তির বয়স ১৭ বছর তদুর্ধ্ব হতে হবে;
- V. জরিপের ক্ষেত্রে শুধু প্রান্তিক পেশাজীবীকে অন্তর্ভুক্ত করতে হবে। এ ক্ষেত্রে বংশ/ধর্ম/গোত্র ইত্যাদির ভিত্তিতে বিভক্ত করা যাবে না;
- VI. একই পরিবারের একাধিক সদস্য উল্লিখিত পেশায় নিয়োজিত থাকলে সবাইকে জরিপভুক্ত করতে হবে;
- VII. উল্লিখিত পরিবারের সদস্যদের মধ্যে কেউ এ পেশায় নিয়োজিত না থাকলে জরিপভুক্ত করা যাবে না;
- VIII. ৩১ অক্টোবর ২০২১ এর মধ্যে (নিশ্চিতভাবে অনলাইন কোনভাবেই হার্ড কপিতে সংগ্রহ করা যাবে না) জরিপ সম্পন্ন করতে হবে;
- IX. প্রতি ইউনিটের মোট জরিপের ১০% তথ্য সংশ্লিষ্ট জেলার উপপরিচালক এবং ৫% তথ্য সংশ্লিষ্ট বিভাগের পরিচালক উল্লিখিত পেশার কিনা তা সরেজমিন নমুনাচয়নের মাধ্যমে যাচাই করে প্রতিবেদন প্রদান করবেন;
- X. ইউনিটভিত্তিক অনলাইন জরিপ সম্পন্ন করে সংশ্লিষ্ট কর্মকর্তা জরিপ সমাপ্তির ঘোষণা দিবেন;
- XI. জরিপের শুরুতে সংশ্লিষ্ট কমিটির সভায় অবহিতকরণ এবং সমাপ্তিতে সভায় মোট জরিপকৃত তালিকা অনুমোদন করবেন।
- XII. উদ্ভূত সমস্যা পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট কমিটির সভায় উপস্থাপন করবেন এবং প্রয়োজ্য ক্ষেত্রে প্রকল্প পরিচালক বরাবর প্রেরণ করবেন।


শেখ রফিকুল ইসলাম
মহাপরিচালক
ফোন: ০২৫৫০০৭০২৪

পরিচালক
বিভাগীয় সমাজসেবা কার্যালয়,(সকল)।

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৮৬.১৮.০১৩.২০. ২৬৭

তারিখ:

২৬ অক্টোবর ১৪২৮
২৩/১০/২০২১

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১. পরিচালক (প্রশাসন ও অর্থ/কার্যক্রম/প্রতিষ্ঠান/সামাজিক নিরাপত্তা), সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
২. সচিবের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়,(সকল জেলা)।
৪. উপজেলা/শহর সমাজসেবা কার্যালয়,।